রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুন ২৩, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০১ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ/১৫ জুন ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১৬৫-আইন/২০১৫।**—মোবাইল কোর্ট আইন, ২০০৯(২০০৯ সনের ৫৯ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার উক্ত আইনের তফসিলের নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত আইনের তফসিলের—

(ক) ক্রমিক নম্বর (22) এর বিপরীতে উল্লিখিত এন্ট্রি বিলুপ্ত হইবে;

(খ) ক্রমিক নম্বর (54) এর বিপরীতে উল্লিখিত এন্ট্রি বিলুপ্ত হইবে; এবং

(গ) ক্রমিক নং (১০৩) এর বিপরীতে উল্লিখিত এন্ট্রির প্রান্তস্থিত দাঁড়ি (।) এর পরিবর্তে সেমিকোলন (;) প্রতিস্থাপিত হইবে, এবং অতঃপর, নিম্নরূপ নূতন ক্রমিক নং (১০৪), (১০৫) ও (১০৬) এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা ঃ—

"(১০৪) ভবঘুরে ও নিরাশ্রয় ব্যক্তি (পুনর্বাসন) আইন, ২০১১ (২০১১ সনের ১৫ নং আইন);

(১০৫) বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬১ নং আইন);

(১০৬) বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪" (২০১৪ সনের ১৫ নং আইন)।"

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

মূল্য ঃ টাকা ৪.০০